**বিএডিএস**

প্রশাসকের কার্যালয়

(স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ)

৭/৫/১, মেইন রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬।

www.bavs.gov.bd

স্মারক নং- বিএডিএস/প্রশাসন/২০২৪-২০২৫/০৫

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারী ২০২৫ খ্রি:

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব ডা. এম এ আবদুল মালেক, ডিস্ট্রিক্ট ম্যানেজার, বিএডিএস বরিশাল ক্লিনিকে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে নিম্নলিখিত অভিযোগসমূহ উত্থাপিত হয়েছে:

১। আপনি জনাব ডা. এম এ আবদুল মালেক, ডিস্ট্রিক্ট ম্যানেজার, গত ০৭/০১/২০২৫ খ্রি: তারিখে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করে ঢাকায় অবস্থান, সেবা গ্রহীতাদের সেবা প্রদানে বাধা প্রদান এবং সর্বোপরি মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তার সাথে অসদাচরণ করেছেন, যা সরাসরি সরকারী চাকুরি বিধির সম্পূর্ণ পরিপন্থী,

২। আপনি জনাব ডা. আবদুল মালেক, ডিস্ট্রিক্ট ম্যানেজার, গত ০৫/০২/২০২৫ খ্রি: তারিখে প্রশাসকের সাথে আলোচনার এক পর্যায়ে বিএডিএস শাখা কার্যালয়, বিএডিএস মেটারনিটি হাসপাতাল প্রধান কার্যালয়ের কর্মচারীরা প্রশাসকের সাথে কথা বলতে চায় মর্মে বক্তব্য দিয়ে তাদের প্রবেশ করান এবং কর্মচারীরা উত্তেজিত হয়ে প্রশাসকের কক্ষে প্রবেশ করে অমার্জিত আচরণ, বিরূপ মন্তব্য ও স্লোগান দেন। যা সরাসরি সরকারী চাকুরি বিধির সম্পূর্ণ পরিপন্থী,

৩। আপনি জনৈক কর্মকর্তাকে শুনানি ছাড়া জনতার/কর্মচারীদের চাপের মুখে এখনই বরখাস্ত করতে হবে বলে প্রশাসককে চাপ প্রয়োগ করেন এবং উপস্থিত কর্মচারীদের উত্তেজিত করেন। যা সরাসরি সরকারী চাকুরি বিধিমালার সম্পূর্ণ পরিপন্থী,

আপনার এহেন দপ্তর ও জনস্বার্থ বিরোধী কার্যকলাপের জন্য আপনাকে কেন বিএডিএস, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চাকুরী হতে বরখাস্ত করা হবেনা, তা পত্র প্রাপ্তির তিন (০৩) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৯.০২.২৫

মাজহারুল ইসলাম
প্রশাসক (উপসচিব)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়।

ডা. এম এ আবদুল মালেক
ডিস্ট্রিক্ট ম্যানেজার
বিএডিএস বরিশাল ক্লিনিক।

<u>অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. জনাব মোহাম্মদ আবদুস সালাম খান, অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩. জনাব মো: মাহবুব আলম, অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৪. সকল কর্মকর্তা-কর্মচারী, বিএডিএস, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫. অফিস কপি।

CS Scanned with CamScanner